# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৯৬২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯৫৫]

৬/ রোগীদর্শন ও জানাযায় অংশগ্রহণ (كتاب عيادة المريض وتشييع الميت والصلاة عليه وحضور دفنه المكث عند قبره بعد دفنه)

পরিচ্ছেদঃ ১৬৫: অত্যাচারীদের সমাধি এবং তাদের ধ্বংস-স্থানের পাশ দিয়ে অতিক্রম করার সময় কান্না করা, ভীত হওয়া, আল্লাহর দিকে মুখাপেক্ষিতা প্রকাশ করা এবং এ থেকে গাফেল না থাকা প্রসঙ্গে

(165) بَابُ الْبُكَاءِ وَالْخَوْفِ عِنْدَ الْمُرُوْرِ بِقُبُوْرِ الظَّالِمِيْنوَمَصَارِعِهِمْ وَإِظْهَارِ الْاِفْتِقَارِ إِلَى اللهِ تَعَالٰى وَالتَّحْذِيْرِ مِنَ الْغَفْلَةِ عَنْ ذٰلِكَ

---

আরবী

عَنِ ابنِ عُمَرَ رَضِيَ اللهُ عَنهُمَا: أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم قَالَ لأَصْحَابِهِ ـ يَعْنِي لَمَّا وَصَلُوا الحِجْرَ ـ دِيَارَ ثَمُودَ ـ: « لاَ تَدْخُلُوا عَلَى هَؤُلاَءِ المُعَذَّبِينَ إِلاَّ أَنْ تَكُونُوا بَاكِينَ، فَإِنْ لَمْ تَكُونُوا بَاكِينَ، فَلاَ تَدْخُلُوا عَلَيْهِمْ، لاَ يُصِيبُكُمْ مَا أَصَابَهُمْ ». متفقٌ عَلَيْهِ
وفي روايةٍ قَالَ: لَمَّا مَرَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم بِالحِجْرِ، قَالَ: « لاَ تَدْخُلُوا مَسَاكِنَ الَّذِينَ ظَلَمُوا أَنْفُسَهُمْ، أَنْ يُصِيبَكُمْ مَا أَصَابَهُمْ، إِلاَّ أَنْ تَكُونُوا بَاكِينَ ». ثُمَّ قَنَّعَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم رَأْسَهُ وأَسْرَعَ السَّيْرَ حَتَّى أَجَازَ الوَادِي .

বাংলা

১/৯৬২। ইবনে উমার রাদিয়াল্লাহু 'আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সামূদ জাতির বাসস্থান হিজর (নামক) স্থানে পৌঁছে নিজ সাহাবীদেরকে বললেন, ''তোমরা এ সকল শাস্তিপ্রাপ্তদের স্থানে প্রবেশ করলে কাঁদতে কাঁদতে (প্রবেশ) কর। যদি না কাঁদ, তাহলে তাদের স্থানে প্রবেশ করো না। যেন তাদের মত তোমাদের উপরেও শাস্তি না পৌঁছে যায়।'' (বুখারী ও মুসলিম) [1]

অন্য এক বর্ণনায় আছে, ইবনে উমার রাদিয়াল্লাহু 'আনহু বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হিজর অতিক্রম করার সময় বললেন, ''তোমরা সেই লোকদের বাসস্থানে প্রবেশ করো না, যারা নিজেদের আত্মার প্রতি অত্যাচার করেছে। যেন তাদের মত তোমাদের উপরেও আযাব না পৌঁছে। কিন্তু কান্নারত অবস্থায় প্রবেশ করতে

পার।’’ অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজ মাথা ঢেকে নিলেন এবং দ্রুত গতিতে উপত্যকা পার হয়ে গেলেন।

## English

(165) Chapter: Weeping while Passing by the Graves of the Dhalimin

Ibn `Umar (May Allah be pleased with them) reported:
When the Messenger of Allah (ﷺ) and his Companions reached Al-Hijr, the dwellings of the Thamud people, he admonished his Companions (saying), "Do not pass by these people who are being tormented, without weeping, lest the punishment should befall you as it had befallen them."

[Al-Bukhari and Muslim].

Commentary: The Thamud were the people to whose guidance Allah sent Prophet Salih. They lived between AlMadinah and Syria. In 10 A.H. when the Prophet (PBUH) went to the Syrian border for the Tabuk expedition, he also passed through this ruined territory. This Hadith is related to the address which he gave to his Companions on the occasion. Here is an instruction that when we happen to pass through the territory of a nation destroyed in the past as a result of Divine wrath, we are advised to quicken one's pace. That is why we have been commanded to avoid the company of the corrupt and the wrongdoers, lest we meet their bad end, too. As the Qur'an says:

"And incline not toward those who do wrong, lest the Fire should touch you.'' (11:113)

May Allah save us from it!

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ৪৩৩, ৩৩৭৮, ৩৩৭৯, ৩৩৮০, ৩৩৮১, ৪৪১৯, ৪৪২০, ৪৭০২, মুসলিম ২৯৮০, আহমাদ ৫২০৩, ৫৩২০, ৫৩৮১, ৬১৭৬

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23995

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন